

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫০৩২  
মোহনপুর, ০২ মার্চ, ২০২৪

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযান  
হেজামারা ব্লকে মুসকান প্রকল্পের সূচনা

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে গতকাল হেজামারা ব্লকে মুসকান প্রকল্পের সূচনা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য এই প্রকল্পের সূচনা করেন। হেজামার আইসিডিএস প্রকল্পের উদ্যোগে হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হেজামারা বিএসি'র ভাইস চেয়ারম্যান নিহাররঞ্জন দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তা এল রাঞ্চল, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলা পরিদর্শক বিপ্লব ঘোষ, আইসিডিএস প্রজেক্টের সিডিপিও দীপক চন্দ্র সরকার প্রমুখ। অনুষ্ঠানে কন্যা সন্তানদের উৎসাহ এবং ৩ জন মাধ্যমিক, ৩ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতী ছাত্রীকে সম্মাননা জ্ঞাপন করা হয়। অতিথিগণ প্রধানমন্ত্রী মাত্ৰ বন্দনা যোজনা ও মুখ্যমন্ত্রী মাতৃ পুষ্টি উপহার প্রকল্পে সুবিধাভোগীদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেন। তাছাড়াও ১২ জন ছাত্রীকে কিট ব্যাগ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*